দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 16 NOV 2006 ...
পৃষ্ঠা ৩ কলাম ৪

# ১৪ সরকারী মেডিক্যাল কলেজে ভর্তি পরীক্ষা কাল

**স্টাফ রিপোর্টার ॥** দেশের ১৪টি সরকারী মেডিক
কলেজে আগামীকাল একযোগে ভর্তি পরীক্ষা অনু
হবে। সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত এই পরী
অনুষ্ঠিত হবে। আগামী রবিবার পর্যন্ত ১৪দলের অবরে
কর্মসূচী স্থগিত করায় পরীক্ষা পেছানোর আশঙ্কা
হওয়ায় পূর্বনির্ধারিত তারিখ অনুযায়ীই ভর্তি পরী
অনুষ্ঠিত হতে যাচ্ছে। এবার মেডিক্যালের ভর্তি পরীক্ষ
প্রতি আসনের বিপরীতে ১২জন শিক্ষার্থী প্রতিদ্বন্দ্বি
করবে।

১৪টি মেডিক্যাল কলেজে মোট আসন হচ্ছে ২ হা
৬০টি। এবারে ভর্তি পরীক্ষায় অংশ নেবে ২৪হাজার
৮০ জন। ২০০৫-০৬ শিক্ষাবর্ষ থেকে সবক
মেডিক্যাল কলেজে প্রায় সাড়ে ৫শ' আসন বৃদ্ধির অ
১৩টি মেডিক্যাল কলেজে প্রায় সাড়ে ১৪ শ' আসন ছি
রাজধানীর তিনটি সরকারী মেডিক্যাল কলেজের ম
সলিমুল্লাহ মেডিক্যালের ভর্তি পরীক্ষার্থীদের আসন পড়
ইডেন কলেজে, ঢাকা মেডিক্যাল কলেজের প্রার্থী
পরীক্ষা হবে ঢাকা বিশ্ববিদ্যালয়ে এবং নব্য প্রতি
খালেদা জিয়া মেডিক্যাল কলেজের প্রার্থীদের পরী
অনুষ্ঠিত হবে তেজগাঁও কলেজে। স্বাস্থ্য অধিদফত
পরিচালক (চিকিৎসা শিক্ষা) ডা. শোফায়েত উল্লাহ জান
অবরোধের কারণে পরীক্ষা পেছানোর সম্ভাবনা থাক
অবরোধ কর্মসূচী স্থগিত হওয়ায় শুক্রবারই ভর্তি পরী
অনুষ্ঠিত হবে। প্রত্যেকটি মেডিক্যাল কলে
অধ্যক্ষদের তিনি বুধবার সন্ধ্যায় টেলিফোনে পু
[illegible]